



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউট
আইসিটি সেল
www.brri.gov.bd

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.১১.০০৯.১৯.৭৩

তারিখ: ৪ চৈত্র ১৪২৭

১৮ মার্চ ২০২১

বিষয়: ব্রি ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

বিষয়ঃ ০৮/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত ব্রি ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

আলোচ্য সূচি (ক): বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

আলোচ্য সূচি (খ): ০৮/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।

ক্র নং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত
১.	ব্রি কর্তৃক 'কৃষি বাতায়ন' পোর্টাল ও এ সংক্রান্ত ডাটাবেজ ব্যবহারের অনুমতি ও কারিগরি সহায়তা প্রদানের ক্ষেত্র চিহ্নিতকরণের নিমিত্ত ডিএই-এর প্রতিনিধিদের উপস্থাপনা এবং আলোচনা;	'কৃষি বাতায়ন' পোর্টাল ও এ সংক্রান্ত ডাটাবেজ ব্যবহারের অনুমতি ও কারিগরি সহায়তা প্রদানের ক্ষেত্র চিহ্নিতকরণের নিমিত্ত ডিএই-এর প্রতিনিধি কর্তৃক মাননীয় মহাপরিচালকের উপস্থিতিতে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রদান করা হয়েছে। মাননীয় মহাপরিচালক উক্ত কৃষি বাতায়নে সংযুক্ত হওয়ার ব্যাপারে আগ্রহ দেখিয়েছেন। এমতাবস্থায়, ডিএই কর্তৃক কারিগরি সহায়তার ক্ষেত্র ও সহায়তার ধরণ উল্লেখপূর্বক পত্র প্রদান করলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
	ব্রির বার্ষিক গবেষণা কর্মশালা ২০১৮-১৯ এর প্রাপ্ত সুপারিশ অনুযায়ী 'Vehicle Requisition Management System (VRMS)' সংক্রান্ত কার্যক্রমটির উপস্থাপনা ও আলোচনা;	পরবর্তী ইনোভেশন টিমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় VRMS বিষয়ে বিস্তারিত আলোচনা হবে।
২.	২০২০-২০২১ এর অনুচ্ছেদ-৪.৩ অনুযায়ী সেবা পদ্ধতি সহজিকরণ বিষয়ক দুইদিনের প্রশিক্ষণের বাজেট চূড়ান্তকরণ ও সমন্বিত Payment gateway ব্যবহার সংক্রান্ত আলোচনা;	সেবা পদ্ধতি সহজিকরণ বিষয়ক দুইদিনের প্রশিক্ষণের বাজেট চূড়ান্তভাবে অনুমোদন হলে মে' ২০২১ তারিখের মধ্যে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া সমন্বিত Payment gateway ব্যবহার সংক্রান্ত আরো বিস্তারিত পর্যালোচনা করতে হবে।
৪.	আইসিটি নীতিমালা-২০১৮ এর কৃষি সংশ্লিষ্ট বিষয়সমূহের ক্ষেত্রে কৃষি মন্ত্রণালয়ের ১ম সভার নির্দেশনা মোতাবেক ব্রির করণীয় বিষয়ক আলোচনা;	৪.১ Climate Smart Agriculture (CSA) ধারণা ও প্রভাব সম্পর্কিত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ বিভাগ এর সহায়তায় জুন' ২০২১ তারিখের মধ্যে ব্রি'তে প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ৪.২ ব্রি'তে e-Learning Platform প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে উদ্ভিদ রোগতত্ত্ব, কীটতত্ত্ব ও মৃত্তিকা বিজ্ঞান বিভাগ থেকে প্রাপ্ত কনটেন্ট A2i এ প্রেরণপূর্বক ২য় ব্যাচের প্রশিক্ষণ শুরু করতে হবে।

	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রম ৮.১ অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ জাতীয়/আঞ্চলিক পর্যায়ে বাস্তবায়ন করার অংশ হিসেবে ফলিত গবেষণা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'অঞ্চল উপযোগী ধান উৎপাদন প্রদর্শনী' উদ্ভাবনী উদ্যোগটির অগ্রগতি আলোচনা;	পরবর্তী ইনোভেশন টিমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় সংশ্লিষ্ট উদ্ভাবক ও বিভাগীয় প্রধানের উপস্থিতিতে বিস্তারিত অগ্রগতি পর্যালোচনা করতে হবে।
৫.	বিবিধ	সোলার লাইট ট্র্যাপ-উদ্ভাবনী উদ্যোগটি রেল্লিকেশনের জন্য কীটতত্ত্ব ও এফএমপিএইচটি বিভাগের সমন্বয়ে আয়োজিত সভা মোতাবেক প্রস্তাবিত বাজেটের জন্য মহাপরিচালক মহোদয়ের মাধ্যমে এফএমপিএইচটি বিভাগের আওতাধীন চলমান প্রকল্পের প্রকল্প পরিচালক এর সাথে আলোচনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৮-৩-২০২১

ড. মোঃ ইসমাইল হোসেন

চিফ সাইন্টিফিক অফিসার

ফোন: ০১৭১৬১২৪৭৪৩

ফ্যাক্স: ৪৯২৭২০০০

ইমেইল: mihossain2@yahoo.com

ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ।

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.১১.০০৯.১৯.৭৩/১(৪)

তারিখ: ৪ চৈত্র ১৪২৭

১৮ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রোগ্রামার, আইসিটি ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (উক্ত কার্যবিবরণীর আলোকে পরবর্তী পদক্ষেপ গ্রহণের অনুরোধ-সহ)।
- ২) পিএ/স্টেনোগ্রাফার, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ৩) এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (চলতি দায়িত্ব), প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ৪) পরিচালক (গবেষণা) (চলতি দায়িত্ব) এর ব্যক্তিগত সহকারী, গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।



১৮-৩-২০২১

ড. মোঃ ইসমাইল হোসেন

চিফ সাইন্টিফিক অফিসার